



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ওএম/১০৩-সম(অংশ-৭)/২০১৩- ৩১২/১

তারিখ: ১৭/১২/২০২০ খ্রি.


**বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১ শিক্ষাবর্ষে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনে কোটা সংরক্ষণ সংক্রান্ত।**

কোভিড-১৯ ভাইরাসজনিত কারণে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১(অংশ-১)-৯৬৩; তারিখ: ১০/১২/২০২০ খ্রি. সংখ্যক পত্রে শুধুমাত্র ২০২১ শিক্ষাবর্ষে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে মাউশি অধিদপ্তরের স্মারক নং- ওএম/১০৩-সম(অংশ-৭)/২০১৩-৩০৭; তারিখ: ১২/১২/২০২০ খ্রি. মোতাবেক একটি নির্দেশনা জারী করা হয়েছে। উক্ত নির্দেশনার আলোকে ২০২১ শিক্ষাবর্ষে বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে লটারির মাধ্যমে পর্যায়ক্রমে শিক্ষার্থী নির্বাচনে নিম্নোক্ত কোটা সংরক্ষণ পদ্ধতি অনুসরণ করতে হবে।

- সাধারণ শিক্ষার্থীদের মধ্য থেকে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করতে হবে;
- ঢাকা মহানগরীর ক্ষেত্রে ক্যাচমেন্ট এলাকার শিক্ষার্থীদের মধ্য থেকে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করতে হবে। এক্ষেত্রে ক্যাচমেন্ট এলাকার জন্য ৫০% কোটা সংরক্ষণ করতে হবে;
- মুক্তিযোদ্ধা-শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে তাঁদের নাতি-নাতনিদের মধ্য থেকে ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির জন্য শূন্য আসনের ৫% কোটার বিপরীতে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের ব্যবস্থা করতে হবে;
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির জন্য শূন্য আসনের ২% কোটার বিপরীতে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের ব্যবস্থা করতে হবে;
- শিক্ষা মন্ত্রণালয়ের (অধিদপ্তর-দপ্তর-সংস্থা বা অন্য কোন প্রতিষ্ঠান ব্যতীত) কর্মকর্তা-কর্মচারীগণের সন্তানদের ভর্তির ক্ষেত্রে শুধুমাত্র ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত বেসরকারি বিদ্যালয়ে ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির জন্য শূন্য আসনের ২% কোটার বিপরীতে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের ব্যবস্থা করতে হবে;
- শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে সারাদেশে অবস্থিত লিঙ্গাহ বোর্ডিং এ অবস্থানরত সকল শিশুকে নিকটস্থ মাধ্যমিক বিদ্যালয়ে নির্ধারিত ১% কোটার বিপরীতে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের ব্যবস্থা করতে হবে;
- উপরোল্লিখিত কোটাসমূহে কোনো শিক্ষার্থী পাওয়া না গেলে কোটার বিপরীতে নির্ধারিত শূন্য আসন সাধারণ কোটা থেকে পূরণ করতে হবে।

যে সকল শিক্ষার্থী কোটায় নির্বাচিত হবে তাদের লটারির ফলাফলের পর স্বাস্থ্যবিধি মেনে স্ব স্ব বিদ্যালয়ে কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র অধ্যক্ষ/প্রধান শিক্ষকের নিকট সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তারা ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। এক্ষেত্রে অপেক্ষমান তালিকা থেকে শূন্য আসন পূরণ করা হবে।

উল্লিখিত কোটা সংরক্ষণের নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন : ৯৫৫৪৫৬৫

পাপক,

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

১। বেসরকারি নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় (সকল)

২। বেসরকারি স্কুল এন্ড কলেজ (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। অঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৩। জেলা প্রশাসক, সকল জেলা (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস. সেল, মাউশি, ঢাকা (নির্দেশনাটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৯। সংরক্ষণ নথি